আলমডাঙ্গায় প্রাণিসম্পদ কর্মকর্তার বিরুদ্ধে অনিয়মের অভিযোগে বিক্ষোভ

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. এস.এম. মাহমুদুল হকের বিরুদ্ধে দায়িত্বে অবহেলা, অনিয়ম ও দুর্নীতির অভিযোগে বিক্ষোভ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে উপজেলা প্রাণিসম্পদ অফিসের সামনে এই কর্মসূচি পালন করেন স্থানীয় কৃষক, খামারি, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বক্তারা অভিযোগ করেন, প্রাণিসম্পদ সেবায় ঘুষ বাণিজ্য, সরকারি প্রকল্পে অনিয়ম ও সাধারণ খামারিদের সঙ্গে দুর্ব্যবহার এখন নিয়মে পরিণত হয়েছে। এসব কর্মকাণ্ডে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে দাবি করেন তারা।

বক্তারা আরও বলেন, সরকার প্রাণিসম্পদ খাতে উন্নয়ন আনতে নানা উদ্যোগ নিয়েছে। কিন্তু কিছু কর্মকর্তার অনিয়ম, দায়িত্বহীনতা ও দুর্নীতির কারণে মাঠপর্যায়ের কৃষক-খামারিরা সেই সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। আলমডাঙ্গা উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মাহমুদুল হক দায়িত্বে থেকে জনস্বার্থবিরোধী কর্মকাণ্ড চালাচ্ছেন।

বিক্ষোভকারীদের মাধ্যে জান্নাতুল নুপুর বলেন, প্রতি মাসে আমাদের নিয়ে সেমিনার করা হতো আগে। গবাদি পশু পালনে পরামর্শ, আর্থিক সহোযোগিতায় দেওয়া হতো আগে। কিন্তু বর্তমানে সকল কার্যক্রম বন্ধ রেখেছে। তাই সকল সেবামূলক কার্যক্রম চালু করতে আজকের বিক্ষোভে অংশ নিয়েছি। অনেকই আবার ক্ষোভ প্রকাশ করে

দ্রুত অভিযোগের সুষ্ঠু তদন্ত ও ডা. মাহমুদুল হকের অপসারণের দাবি জানান।

এ বিষয়ে জানতে চাইলে ডা. এস.এম. মাহমুদুল হক সাংবাদিকদের বলেন, আমার বিরুদ্ধে করা অভিযোগগুলো সম্পূর্ণ ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। আমি দায়িত্বশীলভাবে আমার দায়িত্ব পালন করে যাচ্ছি। সম্প্রতি উপজেলার বিভিন্ন খামার, টিকাদান কার্যক্রম ও

সরকারি প্রকল্পে অনিয়মের অভিযোগ সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনার সৃষ্টি করেছে।

জীবননগরে জামায়াতের যুব বিভাগের মোটর সাইকেল শোডাউন ও গণসংযোগ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনিত চূয়াডাঙ্গা-২ আসনের এমপি নমিনী জেলা আমীর এডভোকেট রুহুল আমিনের পক্ষে জীবননগর উপজেলা হাসাদহ ইউনিয়ন যুব বিভাগের উদ্যোগে মোটর সাইকেল শোডাউন ও হাট-বাজারে গণসংযোগ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টার সময় হাসাদাহ ইউনিয়ন জামায়াত অফিস থেকে জীবননগর উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটনের নেতৃত্বে ইউনিয়নের হাসাদাহ বাজার, বকুন্ডিয়া, কাটাপোল ও মাধবপুর গ্রামে ব্যাপকভাবে মোটর সাইকেল শোডাউন করা হয়। মোটর সাইকের শোডাউন শেষে মাদবপুর সাপ্তাহিক হাটে জনসংযোগ করেন যুব বিভাগের নেতৃবৃন্দ।

জনসংযোগকালে যুব নেতৃবৃন্দ বলেন, দাড়িপাল্লা সাধারণ মানুষের প্রিয় প্রতীক। দাড়িপাল্লায় ভোট দিলে জিতে যাবে জনগণ। জামায়াত মানুষের হক তার দোর গোড়ায় পৌছে দিতে চাই। আমরা শাসক নই বরং জনগণের সেবক হতে চাই। এসময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা যুব বিভাগের সহ-সভাপতি যুবনেতা মোমিনল ইসলাম, উপজেলা সেক্রেটারি জাহিদুল ইসলাম, হাসাদাহ ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি লাল্টু মিয়া, হাসাদাহ ইউনিয়ন যুব বিভাগের সভাপতি আব্দুল মোতালেব, সহ-সভাপতি আবুল কালাম আজাদ, সহ-সভাপতি আব্দুর রহমান মাাস্টার সেক্রেটারি জহিরুল ইসলাম জাদু, হাসাদাহ ইউপি সদস্য জামায়াত নেতা আরিফিন মিয়া, জামায়াত নেতা ইসমাইল হোসেন, ইদ্রিস আলী, ইউনিয়ন যুব নেতা আহাদ আলী, ইমরান হোসেন, আবু হাসান, শাহিন উদ্দীনও মাসুম মিয়া প্রমুখ।

দর্শনা মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিক্ষার গুণগত মান উন্নয়নে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হলরুমে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এ মতবিনিময় সভায় দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা বালিকা বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি শফিকুল ইসলাম শাবু তরফদার। এসম তিনি বলেন, শিক্ষার বর্তমান অবস্থা, ভবিষ্যৎ পরিকল্পনা, শিক্ষার্থীদের নৈতিক ও মানসিক বিকাশ, শিক্ষার উন্নয়নে শুধু শিক্ষক বা প্রতিষ্ঠানের নয়, অভিভাবক ও সমাজের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন।

প্রধান অতিথি তার বক্তব্যে আরো বলেন, “একটি শিক্ষিত জাতি গড়তে হলে আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে। শিক্ষার মানোন্নয়নের জন্য আমি সবসময় আপনাদের পাশে আছি এবং থাকব।”

এসময় উন্মুক্ত আলোচনার মাধ্যমে অনুষ্ঠিত হয়, যেখানে শিক্ষকবৃন্দরা শিক্ষাব্যবস্থার বিভিন্ন দিক নিয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাসমত আলী, শিক্ষক সাইদুর রহমান, মাহমুদা, শামসুন নাহার তুলি, হাসান আলী, নাসরিন আক্তারী, হাফিজুর রহমান, রফিকুল ইসলাম, মেহবুব, শামসুন নাহার হীরা, সঞ্চিতা রাণী, শারমিন সুলতানা, সাথী রাণী, আব্দুস সালাম, কামাল হোসেন, খোরশেদ আলম প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন শিক্ষক রফিকুল ইসলাম।

দামুড়হুদায় ফারিয়ার নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করলেন ডা. মশিউর রহমান

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমানের সাথে মতবিনিময় করেছেন দামুড়হুদা ফারিয়ার নেতৃবৃন্দ।

বৃহস্পতিবার দুপুর ২টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অফিস কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জানা যায়, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পূর্ববর্তী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নিপা গত মাসে বদলি হওয়ার পর থেকে ভারপ্রাপ্ত দায়িত্ব পালন করছিলেন আরএমও ফারহানা ওয়াহিদ (তানি)। দীর্ঘ এক মাস দায়িত্ব পালনের পর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে যোগদান করেন ডা. মশিউর রহমান।

যোগদানের পর ফারিয়ার প্রতিনিধিদের সাথে মতবিনিময় করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা ফারিয়ার সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সহ-সভাপতি ও ইউরোফার্মা কোম্পানির প্রতিনিধি মোজাম্মেল হক; সহ-সভাপতি ও অপসোনিন কোম্পানির প্রতিনিধি ফিরোজ আহমেদ; কোষাধ্যক্ষ ও সিনা ল্যাবরেটরিজ কোম্পানির প্রতিনিধি ডালিম উদ্দিন; পরিবেশ বিষয়ক সম্পাদক ও একমি কোম্পানির প্রতিনিধি গৌতম; রেনেটা কোম্পানির প্রতিনিধি মেহেদী হাসান; স্কয়ার কোম্পানির প্রতিনিধি শহীদুজ্জামান, জনি ও ইমরান; বেক্সিমকো কোম্পানির প্রতিনিধি শ্রী সিমান্ত কুমার এবং অপসোনিন কোম্পানির প্রতিনিধি জুয়েল রানা প্রমুখ।

এ সময় ডা. মশিউর রহমান বলেন, “আমি এখানে যোগদানের পর হাসপাতালের সব বিভাগ ঘুরে দেখেছি এবং সবার সঙ্গে কথা বলেছি। তাতে মনে হয়েছে খুব সুন্দর ও সুষ্ঠুভাবে হাসপাতালটি পরিচালনা করা সম্ভব। আমি

যতদিন এই হাসপাতালে কর্মরত থাকব, সততা ও নিষ্ঠার সাথে সরকারি সব সেবামূলক কাজ করার চেষ্টা করব। আপনাদের সঙ্গে মিলেমিশে কাজ করব ইনশাআল্লাহ। এজন্য সকলের সহযোগিতা কামনা করছি।

আলমডাঙ্গায় রাস্তা পারের সময় ইজিবাইকের ধাক্কায় প্রাণ গেল শিশু রাহেনের

আলমডাঙ্গার রোয়াকুলি গ্রামে রাস্তা পারাপারের সময় অটোরিকশার ধাক্কায় শিশু রাইহানের করুণ মৃত্যু। আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রামে সড়ক দুর্ঘটনায় শিশু রাইহান উদ্দিনের করুণ মৃত্যু হয়েছে।

জানা গেছে, রোয়াকুলি গ্রামের প্রবাসী শামিম হোসেনের ছেলে রাইহান উদ্দিন বৃহস্পতিবার সকাল ১০টার দিকে রাস্তা পার হয়ে মুদির দোকানে চিপস কিনতে যায়। চিপস কিনে ফেরার পথে রাস্তা পার হওয়ার সময় মুন্সিগঞ্জ থেকে দ্রুতগতিতে ছুটে আসা একটি অটোরিকশা তাকে ধাক্কা দেয়।

স্থানীয়রা রাইহানকে উদ্ধার করে আলমডাঙ্গা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা বেলগাছিতে জামায়াতের পথসভায় অ্যাডঃ রাসেল

আলমডাঙ্গার বেলগাছিতে জামায়াতের পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামে

বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে এক পথসভা অনুষ্ঠিত হয়েছে। বেলগাছি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে আয়োজিত এই সভাটি ৮ নম্বর ওয়ার্ড জামায়াতের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন, ৮নং ওয়ার্ড জামায়াত সভাপতি আলাইহিম। প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও সম্ভাব্য প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

প্রধান অতিথির বক্তব্যে রাসেল বলেন, আমরা মানুষ হিসেবে মানুষের পাশে দাঁড়াতে চাই। ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করে সৎ ও জবাবদিহিতামূলক নেতৃত্ব গড়ে তুলতে চাই। তিনি আরও বলেন, আমার জন্ম ও শৈশব এই বেলগাছি গ্রামে কেটেছে। যদি সুযোগ পাই, এলাকার রাস্তা-ঘাট, কালভার্টসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন করবো এবং ব্যয়ের পূর্ণ হিসেব জনগণের সামনে উপস্থাপন করবো।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কর্মপরিষদ সদস্য আলতাফ হুসাইন, আলমডাঙ্গা উপজেলা আমীর ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী প্রভাষক শফিউল আলম বকুল, উপজেলা সেক্রেটারি মামুন রেজা, তারবিয়াত বিভাগের সেক্রেটারি বিলাল হোসাইন, অফিস সম্পাদক রফিকুল ইসলাম, ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, সহ-সভাপতি মাওলানা শহিদুল হক, ইউনিয়ন নির্বাচন বিভাগের পরিচালক জহিরুল ইসলাম মজনু, ইউনিয়ন সহকারি সেক্রেটারি আব্দুল জব্বার, ফরিদপুর ২ নম্বর ওয়ার্ড সভাপতি আহসান হাবিব, কাশিপুরে সভাপতি আতিয়ার রহমান, কেদারনগরের সভাপতি লুৎফার রহমান, বেলগাছি গ্রামের ৭নং ওয়ার্ড সভাপতি রওশন শেখ, ৮ নং ওয়ার্ড সভাপতি আলাইহিম, যুব বিভাগের সভপতি শরিফুল ইসলাম শরীফ, সেক্রেটারি সাব্বির আহমেদ, বেলগাছি গ্রাম কমিটির সভাপতি খোকন মাসুদ, ডামোশ গ্রাম কমিটির সভাপতি জয়নাল আবেদীন, ফরিদপুরের সহ-সভাপতি মানোয়ার হোসেন, আরো উপস্থিত ছিলেন, ২নং ওয়ার্ড সভাপতি আহসান হাবীব প্রমুখ। সঞ্চালনা করেন, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা শওকত আলী।

আলমডাঙ্গায় জাতীয় শিশু কন্যা দিবস পালিত

আলমডাঙ্গা মহিলা দপ্তরের আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। গতকাল আলমডাঙ্গা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে বিকাল ৪ টার সময় এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। “আমি কন্যাশিশু—স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি”—এই প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে সারাদেশের ন্যায় আলমডাঙ্গাতেও পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু।

আলমডাঙ্গা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাকছুরা জান্নাতের উপস্থাপনয় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম।

তিনি তার বক্তব্যে বলেন, ‘আজকে সময় এসেছে আমাদের কন্যা শিশুদের সকল বৈষম্য দুর করে তাদের আগামীর ভবিষ্যতের উন্নয়ন অগ্রগতির রাস্তা তৈরি করে দিতে হবে। তিনি সকল কন্যা শিশুর সাফল্য কামনা করেন।’

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সমাজসেবা কর্মকর্তা সাজ্জাদ হোসেন, বিআরডিবি কর্মকর্তা সেলিম রেজা, হারদী হাসপাতালের ওসিসি হিরোজ কবির, নারী উদ্যোক্তা হেলেন আক্তার কামনা প্রমুখ। সভায় উপস্থিত ছিলেন, বিভিন্ন সংগঠনের নারী নেতৃবৃন্দরা।

আলমডাঙ্গায় খালের অবৈধ দখলের বিরুদ্ধে মানববন্ধন

আলমডাঙ্গার জামজামী ও ডাউকী ইউনিয়নবাসী’র পক্ষ থেকে যমুনা মাঠ থেকে কুমার নদ পর্যন্ত ২ কিঃ মিঃ খালের উপর অবৈধ দখল উচ্ছেদের দাবীতে মানববন্ধন করেছে।

গতকাল বুধবার আলমডাঙ্গা উপজেলা চত্ত্বরে দুপুর ১২ টার সময় এই মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। দীর্ঘদিন থেকে আলমডাঙ্গা

হাউসপুর থেকে বিনেদপুর, বাদেমাজু ছাড়িয়ে যমুনার মাঠ সংলগ্ন দীর্ঘ ২ কিমি খালের উপরদিকে অবৈধ স্থাপনা গড়ে তুলেছে।

এলাকার মানুষের দীর্ঘদিনের দাবী ছিল যে এই অবৈধ স্থাপনা উচ্ছেদ করা। কিন্তু কিছু অসাধু অবৈধ দখলদারদের কারণে এই সুদীর্ঘ ২ কিমি খালের সংস্কার হয়নি।

এ বিষয়ে গতকাল আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম বরাবর স্বারকলিপি প্রদান করেন।

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম বলেন, মানববন্ধনকারীদের স্বারক লিপি পেয়ে তাৎক্ষণিকভাবে সরেজমিনে উপস্থিত হয়ে পরিদর্শন করে এসেছি। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল প্রকার আইনি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

দামুড়হুদায় জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

দামুড়হুদায় জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে র্যলি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টায় ” সপ্নগড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি ” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এই আলোচনা সভা, র্যলি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ্, দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, সহকারী মৎস কর্মকর্তা ফারুক মহলদার, উপজেলা সমবায়

কর্মকর্তা হারুন অর রশীদের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন উপজেলা জামে মসজিদের পেশ ইমাম মাওলা আশরাফুল আলম, মহিলা বিষয়ক কার্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সুমন আলীসহ মহিলা বিষয়ক ক্লাবের সদস্য, ও উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের আমন্ত্রিত ছাত্র ছাত্রীবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে বলেন, কন্যশিশু হলো মায়ের জাতি। আজকের কন্যা হলো আগামী প্রজন্মের মা! ইসলাম ধর্মমতে মায়ের পায়ের তলায় সন্তানের জান্নাত। কন্যা সন্তান হোক আর ছেলে সন্তান হোক এবিষয়ে পার্থক্য না করে আমরা সবাই মা বাবার সন্তান এটাই হোক বড় পরিচয়।

বর্তমানে একজন কন্যা বা নারী দেশ সেবায় নিয়োজিত অফিসার, মা বা সাংসারিক গৃহীনি, ব্যবসায়ি, সমাজ সেবক, ধর্মীয় জ্ঞান গরীমায়সহ আর্থসামাজিক উন্নয়নে সকল ক্ষেত্রে আজকে নেতৃত্ব দিচ্ছে। ছেলে সন্তানের চেয়ে কন্যা সন্তান কোন ক্ষেত্রেই পিছিয়ে নেই। সুতরাং আমাদের ছেলে সন্তান হোক আর মেয়ে সন্তান হোক সকলকেই সমান গুরুত্ব দিতে হবে।

অনুষ্ঠান শেষে জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়!

দর্শনায় বড় মসজিদের ওয়াস রুম থেকেপরিত্যাক্ত হ্যান্ডকাপ ও নষ্ট স্মার্টফোন উদ্ধার

দর্শনা রেলবাজার বড় মসজিদের ওয়াস রুমের ভিতর থেকে একটি পরিত্যাক্ত হ্যান্ডকাপ ও একটি নষ্ট টাসফোন উদ্ধার করা হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ২টা ৩০ মিনিটের সময় হ্যান্ডকাপ ও মোবাইল ফোন উদ্ধার করেন দর্শনা থানার এস আই আশিকুল হক।

পুলিশ জানায়, প্রায় ১০/১২ বছর আগের পুরাতন জংধরা হ্যান্ডকাপ ও

একটি নষ্ট মোবাইল ফোন ওয়াস রুমের ভিতরে ছিল। এতে করে করে ওয়াস রুমটি ব্যাহারের অনুপযোগী হয়ে পড়ে। এসময় একজন হরিজনকে দিয়ে ওয়াস রুমটি পরিস্কার করতে গিয়ে দেখায় একটি পুরাতন হ্যান্ডকাট ও একটি নষ্ট মোবাইল ফোন আটকে ছিল।

এসময় হরিজন মোবাইল ও হ্যান্ডকাপ পেয়ে মসজিদ কমিটিকে জানালে মসজিদ কমিটির লোকজন পুলিশকে খবর দেয়। পরে দর্শনা থানার এস আই আশিকুল হক মোবাইল ফোন ও হ্যান্ডকাপ উদ্ধার করে থানায় নিয়ে যায়। এ বিষয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়রী হয়েছে বলে জানান দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর।